গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
রাজশাহী কলেজ, রাজশাহী।

e-mail: rcadmsn@gmail.com website: https://rc.gov.bd / https://rc.edu.bd
online news portal: http://rc.edu.bd/rcbarta

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৫.১৭২৬ তারিখ ২৩ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ / ০৭ সেপ্টেম্বর ২০২৫ খ্রি.

# ২০২৪ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন এবং ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের শুধুমাত্র Promoted শিক্ষার্থীগণ F গ্রেড প্রাপ্ত কোর্সে ২০২৪ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। অনার্স ২য় বর্ষ শিক্ষার্থীদের পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত আবেদন এবং সংশ্লিষ্ট কোর্সের ইনকোর্স নম্বর প্রদানসহ (নিয়মিত এবং অনিয়মিত পরীক্ষার্থীদের যাদের ইনকোর্স নম্বর পূর্বে প্রেরণ করা হয়নি) যাবতীয় কার্যক্রম অনলাইনে সম্পূর্ণ করতে হবে। নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী আবেদন ও বিবরণী ফরমপূরণ সাপেক্ষে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ পরীক্ষার্থীদের আবেদন ফরম নিশ্চয়ন করবেন। জমাদানের তারিখ, আনুষঙ্গিক নিয়ম ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো। পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরবর্তীতে সংশ্লিষ্ট সকলকে জানানো হবে।

**১। ফরমপূরণের সময়সূচি:**

| কলেজে ফি ও কাগজপত্র জমাদানের শেষ তারিখ | অনার্স বিষয় | ফরম পূরণের স্থান |
|---|---|---|
| ০৯/০৯/২০২৫ থেকে ১৮/০৯/২০২৫ | সকল বিষয় | স্ব স্ব বিভাগ |

বিভাগ সমূহ থেকে On-line-এ নিশ্চয়নকৃত বিবরণীর মূল প্রিন্টকপি (বাঁধাইকৃত) ০১ (এক) সেট ও হিসাব বিবরণী সংশ্লিষ্ট পরীক্ষা কমিটির নিকট ২২/০৯/২০২৫ তারিখ বেলা ০২:০০ টার মধ্যে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

**২। আবেদন ফরম সংগ্রহ:**
**অনার্স-২য় বর্ষ পরীক্ষার আবেদন ফরম পরীক্ষার্থী নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/honours) থেকে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে সঠিকভাবে পূরণ করে ডাউনলোড-এর মাধ্যমে কপি নির্ধারিত ফিসহ স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।**

**৩। পরীক্ষার ফিস জমা:**

(ক) নিয়মিত ছাত্র-ছাত্রী যাদের DBBL মোবাইল এ্যাকাউন্ট আছে তারা নিজেদের এ্যাকাউন্ট থেকে অথবা এজেন্ট বা অন্য এ্যাকাউন্ট থেকে ID No. এর বিপরীতে প্রথমে ফরমপূরণের ফি পরিশোধ করো এবং পরে http://180.211.183.206/EasyCollegeMate/public/Honours/formfillup লিংকে প্রবেশ করে **পেমেন্ট কনফার্মেশন স্লিপ** ডাউনলোড করো।

(খ) অনিয়মিত ও বিভাগ উন্নয়ন ছাত্র-ছাত্রীদেরকে পেমেন্ট অপশনে যাওয়ার আগে http://180.211.183.206/EasyCollegeMate/public/Honours/formfillup লিংকে সরাসরি অথবা https://rc.gov.bd/admission-formfillup/ লিংকে প্রবেশ করে Click Here বাটনে ক্লিক করার পর Student ID ও Level সিলেক্ট করে Next বাটন চাপ। এরপর অনিয়মিত শিক্ষার্থীরা পূর্ণপত্র এবং বিভাগ উন্নয়ন শিক্ষার্থীরা তাদের জন্য প্রযোজ্য বিষয় সংখ্যা নির্বাচন করে Next বাটনে চাপলে ডাচ্-বাংলা ব্যাংকের পেমেন্ট অপশন আসলে DBBL টাকা পরিশোধের নিয়মাবলী অনুযায়ী পেমেন্ট করো। পেমেন্ট সম্পন্ন হলে পেজটি Refresh করে অথবা পুনরায় উক্ত লিংকে প্রবেশ করে পেমেন্ট কনফার্মেশন স্লিপ ডাউনলোড করো।

**DBBL টাকা পরিশোধের নিয়মাবলী:**

১। যে সকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট রয়েছে, সেই মোবাইল থেকে *৩২২# ডায়াল করে DBBL মোবাইল ব্যাংক মেনুতে যান
২। পেমেন্ট 1 (One) সিলেক্ট করুন
৩। Self 1 (One) সিলেক্ট করুন
৪। Other 2 (Two) সিলেক্ট করুন
৫। Enter Payer Mobile Number (Enter Student Mobile Number)
৬। Other 0 (Zero) সিলেক্ট করুন
৭। রাজশাহী কলেজের Biller ID 304 টাইপ করুন
৮। Bill No-এ আপনার Class ID (উদাহরণ-2020000001) দিন
৯। টাকার পরিমাণ লিখুন
১০। PIN টাইপ করুন
১১। OK/Send বাটন চাপুন
১২। পেমেন্ট সফলভাবে সম্পূর্ণ হলে /Trx id পাবেন এবং আপনার ফরম পূরণ স্বয়ংক্রিয়ভাবে সম্পন্ন হবে এবং ফরম পূরণের লিংক এ গিয়ে আপনার পেমেন্ট স্লিপ ডাউনলোড

**৪। স্ব স্ব বিভাগে যে সকল কাগজপত্র জমা দিতে হবে তার বিবরণ এবং অন্যান্য নির্দেশনা:**

(ক) স্নাতক (সম্মান) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকাপি-১ কপি করে।
(খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন ফরম পূরণের আবেদন কপি ।

(গ) আবেদন ফরমের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি নির্ধারিত স্থানে আইকা আঠা দিয়ে লাগিয়ে এবং ০১(এক) কপি ছবি ফরমের সাথে সংযুক্ত করে স্ব-স্ব বিভাগের ইমেইল ঠিকানায় প্রেরণ করতে হবে।

(ঘ) Confirmation Slip-এর ডাউনলোড কপি আবেদনপত্রের সঙ্গে বিভাগে জমা দিতে হবে।

**পরীক্ষার ফিসের বিবরণ**

| ক্রঃ নং | পরীক্ষার ফি-এর বিবরণ | | ফি-এর পরিমাণ |
|---|---|---|---|
| ০১ | তত্ত্বীয় (প্রতি পূর্ণ পত্র) বিশ্ববিদ্যালয়ে জমা হবে | | ৩৫০/- টাকা |
| ০২ | তত্ত্বীয় (প্রতি অর্ধ পত্র) বিশ্ববিদ্যালয়ে জমা হবে | | ২৫০/- টাকা |
| ০৩ | ব্যবহারিক (প্রতি পত্র/কোর্স) বিশ্ববিদ্যালয়ে জমা হবে | | ৩৫০/- টাকা |
| ০৪ | ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী)<br>বিশ্ববিদ্যালয়ে জমা হবে ১৫০/-<br>কলেজে জমা হবে ৪৫০/- | | ৬০০/- টাকা |
| ০৫ | কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী)<br>কলেজে জমা হবে ২০০/-<br>কেন্দ্রে জমা হবে ৪০০/- | | ৬০০/- টাকা |
| ০৬ | কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি কোর্স প্রতি পরীক্ষার্থী)- কলেজে জমা হবে | | ২৫০/- টাকা |
| ০৭ | বিশেষ অন্তর্ভুক্তি ফি (গ্রেড উন্নয়ন/অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য পত্র প্রতি ফি এর অতিরিক্ত) প্রতি পরীক্ষার্থী- বিশ্বাবিদ্যালয়ে জমা হবে। | | ৬০০/- টাকা |
| ০৮ | ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে (F) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষর্থীর সর্বোমোট ফি | | ৬০০০/-টাকা |
| ০৯ | C Promoted শিক্ষর্থীর বিশেষ অন্তভূক্তি ফি (অন্যান্য ফি এর অতিরিক্ত প্রতি পরীক্ষার্থী) | | ১৫০০/-টাকা |
| ১০ | ব্যবহারিক চূড়ান্ত পরীক্ষার ফি | ১ম দিনের জন্য (প্রতি শিক্ষার্থী) এবং | ১৩০/- টাকা |
| | | পরবর্তী প্রতিদিনের জন্য (প্রতি শিক্ষার্থী) | ৭৫/- হারে |

৫। On-line-এর আবেদন ফরম পূরণের নিয়মাবলীঃ

(ক) শিক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (*ems.nu.ac.bd/www.nubd.info/honours*) এ গিয়ে আবেদন ফরম ডাউনলোড করে যথাযথভাবে পূরণ করে নির্ধারিত ফিসহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিতে হবে। ফরম পূরণের সময় নন-মেজর কোর্স নির্বাচনের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে। ভুল বিষয় কোড নির্বাচন করলে তার সংশোধন করা হবে না।

৬। **পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী ঃ**

(ক) **নিয়মিত পরীক্ষার্থীদের জন্যঃ** জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের সকল ছাত্র-ছাত্রী ২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়ে ২০২৪ সালের অনার্স ২য় বর্ষের কোর্স সম্পন্ন করেছে তারা নিয়মিত পরীক্ষার্থী হিসাবে অনার্স কোর্সের সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

(খ) **অনিয়মিত পরীক্ষার্থীদের জন্যঃ** ২০১৯-২০২০, ২০২০-২০২১ এবং ২০২১-২০২২ শিক্ষাবর্ষে যে সকল শিক্ষার্থী অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে ২০২৪ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত কোর্সের পরীক্ষা দিতে হবে না। তবে যারা ২০২৩ সালের অনার্স ২য় বর্ষে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে "C " বা "D " গ্রেড পেয়েছে শুধু তারাই ২০২৪ পরীক্ষায় উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য পরীক্ষা দেয়ার সুযোগ পাবে সর্বোচ্চ ২টি কোর্সে এবং "F " গ্রেড প্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিতে হবে।

(গ) **গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্যঃ**

১) ২০২৩ সালের অনার্স ২য় বর্ষে যে সকল শিক্ষার্থী নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থী শুধু "C" বা "D" গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে সর্বোচ্চ ২টি কোর্সে

২) যে সকল শিক্ষার্থী ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষে অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে "F" গ্রেড পেয়েছে তারা ২০২৪ সালের পরীক্ষায় "F" গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে।

৩) সকল "F" গ্রেড প্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদ সাপেক্ষে) অবশ্যই ন্যূনতম "D" গ্রেড এ উন্নীত করতে হবে। "F" গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন B+ গ্রেড এর বেশি প্রাপ্য হবে না।

৪) ২০২৩ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C Promoted প্রাপ্ত শিক্ষার্থীদের অনুপস্থিত ২০২৪ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এক্ষেত্রে পরীক্ষার্থী মোট ফি এর অতিরিক্ত ১৫০০/-(এক হাজার পাঁচশত) টাকা ফি প্রদান করবে।

**২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলি ঃ**

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে "F" গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য ) শিক্ষার্থীরা সর্বোমোট ৬০০০/- (ছয় হাজার ) টাকা ফি প্রদান করে শুধুমাত্র ২০২৪ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফরমপূরণের সুযোগ পাবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবে না এবং কোন শিক্ষার্থী ফরমপূরণ করতে ব্যর্থ হলে, পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে কোন অবস্থাতেই পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না। উল্লেখ্য ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নাই।

৭। **পাঠ্যসূচীঃ** সকল বিষয়ের পরীক্ষা ০৪ বছর মেয়াদী অনার্স কোর্সের পাঠ্যসূচি ও সংশোধিত রেগুলেশন ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ থেকে কার্যকর সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

৮। **পরীক্ষার্থীদের জন্য করণীয় ঃ** জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (*http:/ems.nu.ac.bd/student-login*) এ থেকে পরীক্ষার্থীগণ আবেদন ফরম সংগ্রহ করার পর নির্ধারিত ফিসহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে বিষয় কোড সঠিক এন্ট্রি করা হয়েছে কি না তা দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে।

(ক) অনলাইনে আবেদন ফরম পূরণ করার সময় ফরমের নির্দিষ্ট স্থানে সিলেবাসে উল্লিখিত পত্রকোড (ব্যবহারিকসহ) পূরণ করতে হবে।

(খ) আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ফরম বাতিল করে পুনরায় আবেদন ফরম পূরণ করতে হবে।

(গ) পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত অনার্স বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরম পূরণ করলে তার আবেদপত্র বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে কোন প্রকার ভুল থাকলে তা প্রবেশপত্র ইস্যুর আগেই সংশোধন করে নিতে হবে।

(ঘ) অবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি নির্ধারিত তারিখের মধ্যে কলেজের নির্দেশনা অনুযায়ী স্ব স্ব বিভাগ জমা দিতে হবে

৯। **বিভাগের জন্য করণীয় ঃ**

(ক) যে সকল পরীক্ষার্থী ২০২৪ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে তাদের ডাটা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (*www.nubd.info/honours*) এর রক্ষিত আছে। ফরম পূরণকৃত পরক্ষিার্থীদেও ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে সরাসরি অনলাইনে এন্ট্রি করতে হবে। সম্ভব্য পরীক্ষার্থীদের তালিকায় নাম নাই এমন কোন শিক্ষার্থীর ফরম পূরণ করা যাবে না। ফরম পূরণের যোগ্যতা আছে কিন্তু সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকায় নাম নাই এমন কোন শিক্ষার্থী থাকলে প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট শাখা/তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তরে যোগাযোগ করে সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকায় নাম অন্তর্ভুক্ত করে ফরম পূরণের ব্যবস্থা নিতে হবে।

(খ) সকল পরীক্ষার্থীদের ইনকোর্স নম্বর সঠিকভাবে এন্ট্রি দিয়ে নির্দিষ্ট তারিখের মধ্যে অবশ্যই নিশ্চয়ন করতে হবে।

(গ) নিশ্চয়ন সম্পন্ন হলে পরীক্ষার্থীদের বিবরণী প্রিন্ট নিতে হবে। প্রিন্ট কপিতে প্রথমে বিভাগীয় প্রধান অত:পর অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

(ঘ) বিজ্ঞপ্তিতে উল্লেখিত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়ের পর ডাটা এন্ট্রি নিশ্চয়ন করা যাবে না।

(ঙ) পরীক্ষার্থীদের রেজি: নম্বর নিশ্চয়নের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে অনুরোধ করা হলো। ফরম পূরণ করা কোন পরীক্ষার্থীর নিশ্চয়ন যেন বাদ না যায় বা একজনের পরিবর্তে অন্য জনকে নিশ্চয়ন না করা হয় তা নিশ্চিত করতে হবে। নিশ্চয়নের পর ফরম পূরণ সংক্রান্ত কোন অভিযোগ গ্রহণ হবে না।

১০। **ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ:**
শিক্ষার্থীদের ফরম পূরণের সময় সফটওয়ারের মাধ্যমে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০১৯-২০২০, ২০২০-২০২১ এবং ২০২১-২০২২ শিক্ষাবর্ষের অনিয়মিত পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট কোর্সের পত্রকোড নম্বর ও রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে প্রাপ্ত মোট নম্বর On-line -এ প্রেরণ করতে হবে এবং প্রিন্টকৃত ইনকোর্স নম্বরের এক কপি সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে।

১১। **ব্যবহারিক পরীক্ষার:**
ব্যবহারিক পরীক্ষার তারিখ ও সময় তত্ত্বীয় পরীক্ষা শেষে যথাসময়ে ওয়েবসাইটে জানানো হবে।

***** জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ফরম পূরণ সংক্রান্ত প্রকাশিত বিজ্ঞপ্তি যথাযথভাবে অনুসরণ করার জন্য বিভাগীয় প্রধানগণকে অনুরোধ জানানো হলো।**

**বি:দ্র: নিয়মিত, অনিয়মিত এবং গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদেরকে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় ফি DBBL এর মাধ্যমে জমা দিতে হবে।**
**বি:দ্র: ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের বিশেষ শিক্ষার্থীরা রূপালী ব্যাংক লি. কে.এন.আই রোড শাখা, রাজশাহীতে রশিদের মাধ্যমে জমা দিতে হবে।**
**বি:দ্র: যে সকল নিয়মিত/অনিয়মিত শিক্ষার্থী (১ম বর্ষে উত্তীর্ণ) বেতন ও সেশন চার্জ অনলাইনের মাধ্যমে পরিশোধ করেনি তাদেরকে কলেজের রশিদের মাধ্যমে রূপালী ব্যাংক লি. কে.এন.আই রোড শাখা, রাজশাহীতে রশিদের মাধ্যমে জমা দিতে হবে।**

স্বা:
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৫. ১৭২৫ (২৮) তারিখ ২৩ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ / ০৭ সেপ্টেম্বর ২০২৫ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

(ক) উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;
(খ) বিভাগীয় প্রধান, সকল বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী;
(গ) আহ্বায়ক, দ্বিতীয় বর্ষ অনার্স পরীক্ষা কমিটি-২০২৪, রাজশাহী কলেজ, রাজশাহী;
(ঘ) আইসিটি শাখা, রাজশাহী কলেজ, রাজশাহী;
(ঙ) ম্যানেজার, DBBL, রাজশাহী;
(চ) ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী;
(ছ) নথি সংরক্ষণ।

অধ্যক্ষ 07/09/2025
রাজশাহী কলেজ, রাজশাহী।
07/09/2025